



# Advocates for Children of New York

Protecting every child's right to learn

## অভিবাসী পরিবারগুলির জন্য নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলিতে ভর্তি হওয়া

### কারা NYC পাবলিক স্কুলে পড়তে পারে?

- 5 থেকে 21 বছর বয়সী নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী যেকোনো শিশুর NYC-র পাবলিক স্কুলে পড়ার অধিকার আছে যতদিন না সে উচ্চ বিদ্যালয় থেকে স্নাতক হচ্ছে।
- পাবলিক স্কুলের জন্য আবেদন করা সমস্ত শিক্ষার্থীকে অবিলম্বে ভর্তি করতে হবে এবং 5টি স্কুল দিবসের মধ্যে তাদের স্কুলে জায়গা দিতে হবে।
- জায়গা না থাকার কারণে কোনও শিক্ষার্থীকে ফিরিয়ে দেওয়া চলবে না।
- অতীতে অল্প শিক্ষাগ্রহণ করা শিক্ষার্থীদের ফিরিয়ে দেওয়া চলবে না।
- সমস্ত শিক্ষার্থীর তাদের নিজেদেরে অভিবাসন মর্যাদা বা তাদের পরিবারের সদস্যদের অভিবাসন মর্যাদা যাই হোক না কেন, তাদের স্কুলে যাওয়ার অধিকার আছে।
  - স্কুলের কর্মীদের আপনার অভিবাসন মর্যাদা নিয়ে প্রশ্ন করার অনুমতি নেই।
  - এমনকি যদি কোনও শিক্ষার্থী বা তার পিতা-মাতা অ-নথিভুক্ত হয় বা তাদের সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে তাহলেও সেই শিক্ষার্থী বিনামূল্যে লাঞ্চ, বিনামূল্যে প্রাতরাশ এবং পরিবহন সহ স্কুলের সমস্ত পরিষেবা পেতে পারবে।

যদি আমার পরিবারের থাকার  
জায়গা না থাকে বা আমরা  
কোনও অস্থায়ী আবাসনে থাকি  
তাহলে কি হবে?

একটি ফেডারেল আইন  
(ম্যাককিনি-ভিন্টো আইন)  
অনুযায়ী এই পরিস্থিতিতে  
বসবাসকারী শিশুদের অবিলম্বে  
ভর্তি করতে হবে। আপনার  
সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহ  
করে NYS-TEACHS ফ্রি  
হেল্পলাইন 800-388-2014 নম্বরে  
কল করুন।

### নতুন শিক্ষার্থীরা কখন স্কুলের জন্য নাম লেখাতে পারে?

আপনি যদি NYC তে সদ্য এসে থাকেন তাহলে আপনি যেকোনো সময় পাবলিক স্কুল সিস্টেমে আপনার সন্তানের নাম লেখাতে পারেন।  
আপনাকে স্কুলের নতুন শিক্ষা বর্ষ বা সেমিস্টার শুরু হওয়ার জন্য অপেক্ষা করতে হবে না।

### আমি আমার সন্তানকে কোথায় ভর্তি করবো?

#### প্রাথমিক স্কুল এবং মাধ্যমিক স্কুলে ভর্তি:

আপনার সন্তান প্রাথমিক স্কুল বা মাধ্যমিক স্কুলে প্রবেশ করলে আপনার নাম লেখানোর জন্য তার জোনড স্কুলের সঙ্গে যোগাযোগ করা উচিত

> একটি জোনড স্কুল কি? একটি জোনড স্কুল হল কোনও নির্দিষ্ট নিকটবর্তী অঞ্চল বা এলাকায় বসবাসকারী শিক্ষার্থীদের জন্য একটি পাবলিক স্কুল। যদিও প্রত্যেক শিশুকে একটি পাবলিক স্কুলে জায়গা দেওয়ার নিশ্চয়তা দেওয়া হয় তবুও আপনার জোনড স্কুলে যদি নতুন শিক্ষার্থীদের জন্য আর জায়গা না থাকে তাহলে আপনার সন্তানকে অন্য একটি স্কুলে পাঠানো হতে পারে। আপনার জোনড স্কুল কোনটি সেটা জানার জন্য আপনি 311 নম্বরে কল করতে পারেন এবং অপারেটরকে আপনার ঠিকানা বলতে পারেন অথবা <http://schools.nyc.gov/default.aspx> এ যান এবং পৃষ্ঠার নীচের দিকে আপনার ঠিকানা লিখুন। আপনি সেই স্কুলটি পরিদর্শনও করতে পারেন যেটি আপনার নিজের জোনড স্কুল বলে মনে হয়।

#### উচ্চ বিদ্যালয়ে ভর্তি:

আপনার সন্তানকে উচ্চ বিদ্যালয়ে ভর্তি করার জন্য আপনার স্থানীয় ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যান। এই তথ্য পত্রের শেষ পৃষ্ঠাটি দেখুন যেখানে ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের একটি তালিকা দেওয়া হয়েছে। যদি একজন উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীর কোনও পিতা-মাতা বা অভিভাবক থাকেন তাহলে তাদের সেই শিক্ষার্থীর সঙ্গে ভর্তির অফিসে যেতে হবে। সন্তানের বয়স ইতিমধ্যে 18 বছর হয়ে গেলেও পিতা-মাতাকে শিক্ষার্থীর সঙ্গে ভর্তির অফিসে যেতে হবে। বেশি বয়সের শিক্ষার্থীদের জন্য DOE বেশ কয়েকটি বিকল্প কার্যক্রম পরিচালনা করে যার মধ্যে আছে পেশা এবং প্রযুক্তিগত শিক্ষা কার্যক্রম, উচ্চ বিদ্যালয়ের সমতুল্য ডিপ্লোমা কার্যক্রম, এবং ট্রান্সফার স্কুল। এই কার্যক্রমগুলি সম্বন্ধে আরও বিশদে জানার জন্য <http://schools.nyc.gov/ChoicesEnrollment/SpecialPrograms/AlternativesHS/default.htm> দেখুন।

## নাম লেখানোর জন্য আমার কি কি কাগজপত্র লাগবে?

স্কুলে নাম লেখানোর সময় আপনাকে অবশ্যই আপনার সন্তানকে সঙ্গে নিয়ে আসতে হবে। সেই সঙ্গে আপনাকে আপনার সন্তানের নিম্নলিখিত কাগজপত্রগুলি আনতে হবে:

- বয়সের প্রমাণপত্র, যেমন জন্ম সার্টিফিকেট বা পাসপোর্ট।
- টিকা করণের রেকর্ড।
- যদি থাকে তাহলে স্কুলের রেকর্ড।
- ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা (ইন্ডিভিজুয়াল এডুকেশন প্ল্যান, IEP) বা 504 অ্যাকোমোডেশন প্ল্যান, যদি তার এমন কিছু থাকে।

এবং আপনাকে অবশ্যই 2 ধরনের প্রমাণ আনতে হবে যা প্রদর্শন করে যে আপনি NYC তে বসবাস করেন। বসবাসের প্রমাণের মধ্যে আছে:\*

- গত 60 দিনের একটি গ্যাস, বিদ্যুৎ, বা কেবল টেলিভিশনের বিল।
- গত 60 দিনের একটি ভাড়ার রসিদ।
- একটি সম্পত্তি করের বিল।
- একটি লিজ, ডিড বা মর্টগেজের চুক্তির আসল নথিপত্র।
- কোনও বেতন বা সরকারি সংস্থার থেকে প্রাপ্ত একটি নথি।
- এমন একজন ব্যক্তির থেকে হলফনামা যিনি জানেন যে আপনি আপনার ঠিকানায় থাকেন। (দ্রষ্টব্য: এই পরিস্থিতিতে আপনাকে 3 ধরনের বসবাসের প্রমাণ দেওয়ার জন্য অনুরোধ করা হবে।)

\*বসবাসের প্রমাণ হিসাবে গৃহীত নথিপত্রের সম্পূর্ণ তালিকার জন্য 311 নম্বর কল করুন।

## যদি কোনও শিক্ষার্থীর স্কুলের রেকর্ড অন্য কোনও দেশের হয় তাহলে কি হবে?

আপনার সন্তানের রেকর্ড যদি U.S. এর বাইরের হয় এবং অন্য কোনও ভাষায় হয় তাহলে শিক্ষা বিভাগ (ডিপার্টমেন্ট অফ এডুকেশন, DOE) সেগুলির অনুবাদ করবে। আপনি আপনার নিজের দেশের কনসুলেটের মতো বাইরের কোনও সংস্থাকেও আপনার সন্তানের রেকর্ড অনুবাদ করতে সাহায্য করার জন্য অনুরোধ করতে পারেন।

## আমার কাছে যদি স্কুলের রেকর্ড না থাকে তাহলে কি হবে?

আপনার সন্তানের কাছে যদি তার নিজের দেশের কোনও স্কুলের রেকর্ড না থাকে তাহলেও স্কুল আপনাকে ফিরিয়ে দিতে পারে না। তাদের উচিত আপনার সন্তানের বয়সের সবচেয়ে কাছাকাছি শ্রেণীতে তাকে ভর্তি করা। স্কুলের রেকর্ড থাকলে আপনার সন্তান ভর্তি হয়ে যাওয়ার পরেও সেটা দেওয়া যেতে পারে।

## নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলি

ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলি 8am—3pm, সোমবার-শুক্রবার খোলা থাকে।

ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে অনুবাদ এবং দোভাষী পরিষেবা পাওয়া যায়।

### ব্রক্স (BRONX)

1 Fordham Plaza, 7th Fl., 10458  
718-935-2178

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 7, 9, 10

1230 Zerega Avenue, 10462  
718-935-2278

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 8, 11, 12

### ম্যানহ্যাটান (MANHATTAN)

333 Seventh Ave., 12th Fl., 10001  
718-935-2383

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 1, 2, 4

388 West 125th St., 7th Fl., 10027  
718-935-2385

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 3, 5, 6

### ব্রুকলিন (BROOKLYN)

1780 Ocean Avenue, 11230  
718-935-2313

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 17, 18, 22

415 89th Street, 11209  
718-935-2331

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 20, 21

1665 St. Mark's Ave., 11233  
718-935-2340

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 19, 23, 32

29 Fort Greene Pl. (BE12), 11217  
718-935-2371

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 13, 14, 15, 16

### কুইন্স (QUEENS)

28-11 Queens Plaza North, LIC 11101  
718-935-2386

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 24, 30

30-48 Linden Place, Flushing 11354  
718-935-2391

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 25, 26

90-27 Sutphin Blvd., Jamaica 11435  
718-935-2393

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 27, 28, 29

### স্ট্যাটেন আইল্যান্ড (STATEN ISLAND)

715 Ocean Terrace, Bldg. A, 10301  
718-935-2402

সেবা প্রাপ্ত ডিসট্রিক্ট: 31

এই তথ্যপত্রটি আইনি পরামর্শ প্রদান করে না। এই তথ্যপত্রে AFC-র মতামত উল্লেখ না করে প্রচলিত নীতি এবং আইনগুলির সংক্ষিপ্ত বিবরণ প্রদান করার প্রচেষ্টা করা হয়েছে। আপনার যদি কোনও

আইনি সমস্যা হয় তাহলে অনুগ্রহ করে একজন অ্যাটর্নি বা আইনজীবীর সঙ্গে যোগাযোগ করুন।

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইঙ্ক কর্তৃক কপিরাইট © সেপ্টেম্বর 2015